



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন  
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।  
প্রশাসন বিভাগ



নম্বর ১৪.৩২.০০০০.৪০০.২৬.০৭০.২২.৮১৮

তারিখ: ৯ কার্তিক ১৪২৯

২৫ অক্টোবর ২০২২

সীমিত দরপত্র বিজ্ঞপ্তি

বিষয়: কমিশনের ০১(এক)টি পিকআপ মেরামতের জন্য সীমিত দরপত্র বিজ্ঞপ্তি।

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)'র ০১(এক)টি টয়োটা হাইলাক্স পিকআপ মেরামতের নিমিত্ত কমিশনের হালনাগাদ তালিকাভুক্ত আগ্রহী যানবাহন মেরামতকারী গ্যারাজ/ওয়ার্কশপসমূহের নিকট হতে নিম্নবর্ণিত শর্তানুযায়ী নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

১।	মন্ত্রণালয়/বিভাগ	ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়।
২।	দরপত্র আহ্বানকারী প্রতিষ্ঠান	বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)
৩।	দরপত্রের বিবরণ	কমিশনের পিকআপ নং-ঢাকা মেট্রো-ঠ-১১-৭৬৬৫ গাড়ির যন্ত্রাংশ সরবরাহ ও আনুষঙ্গিক মেরামত কাজ।
৪।	দরপত্র বিজ্ঞপ্তির নং ও তারিখ	১৪.৩২.০০০০.৪০০.২৬.০৭০.২২.৮১২, তারিখঃ ২৫/১০/২০২২ খ্রিষ্টাব্দ।
৫।	ক্রয় পদ্ধতি	সীমিত দরপত্র পদ্ধতি ( Limited Tendering Method)
৬।	দরপত্র সিডিউল বিতরণের শেষ তারিখ ও সময়	আগামী ২৬/১০/২০২২ তারিখ হতে ০১/১১/২০২২ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।
৭।	দরপত্র দাখিলের তারিখ ও সময়	আগামী ০২/১১/২০২২ তারিখ, সময়ঃ বেলা ১:৩০ ঘটিকা পর্যন্ত।
৮।	দরপত্র দাখিলের স্থান	বিটিআরসি, আইইবি ভবন (৬ষ্ঠ তলা), রমনা, ঢাকা-১০০০।
৯।	দরপত্র উন্মুক্তকরণের তারিখ ও সময়	আগামী ০২/১১/২০২২ তারিখ, সময়ঃ ২:০০ ঘটিকা।
১০।	দরপত্রদাতার সংক্ষিপ্ত যোগ্যতার ও উপযুক্ততা	(ক) দরদাতা প্রতিষ্ঠানকে কমিশনের হালনাগাদ তালিকাভুক্ত যানবাহন মেরামতকারী গ্যারাজ/ওয়ার্কশপ হতে হবে। (খ) কমিশনে তালিকাভুক্তি পত্র দরপ্রস্তাবের সাথে দাখিল করতে হবে।
১১।	দরপত্র দলিলের মূল্য (টাকা)	বিনামূল্যে
১২।	অন্যান্য শর্তাবলী	(ক) আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে প্রতিষ্ঠানের নিজস্ব লেটারহ্যাড প্যাডে ও নির্ধারিত দরপত্র সিডিউল যথাযথভাবে পূরণ করতঃ সিলমোহরকৃত খামে দরপ্রস্তাব দাখিল করতে হবে এবং দরপত্র সিডিউলের প্রতিটি পাতায় দরপ্রস্তাবকারী প্রতিষ্ঠানের সিল ও স্বাক্ষর থাকতে হবে। (খ) দরপত্র সিডিউলে উল্লেখিত অন্যান্য শর্তাবলী অনুসরণ করে দরপ্রস্তাব দাখিল করতে হবে। (গ) দরপত্রের সকল কার্যক্রম পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ মোতাবেক পরিচালিত হবে। (ঘ) বিটিআরসি দরপত্র দলিলের শর্তাবলীর যে কোন পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন করতে পারে। (ঙ) দরপত্র বিজ্ঞপ্তিটি বিটিআরসি'র ওয়েবসাইট <a href="http://www.btrc.gov.bd">www.btrc.gov.bd</a> তে পাওয়া যাবে।
১৩।	কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বিটিআরসি সকল দরপত্র বা দরপত্র প্রক্রিয়া বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।	

২৫-১০-২০২২

শহিদুর রহমান

উপ পরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) কমিশনের তালিকাভুক্ত হালনাগাদকৃত যানবাহন মেরামতকারী প্রতিষ্ঠান
- ২) সিনিয়র সহকারী পরিচালক, আইটি শাখা, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিজ্ঞপ্তিটি বিটিআরসি'র ওয়েবসাইট এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৩) সিনিয়র সহকারী পরিচালক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ৪) ব্যক্তিগত সহকারী, প্রশাসন বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন